জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ জীবন বীমা কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২৮তম সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: সাইফুল ইসলাম, ম্যানেজিং ডাইরেক্টর ।

তারিখ : ১২ মে, ২০২২, বৃহস্পতিবার, বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : এক্সিকিউটিভ কনফারেন্স রুম, জীবন বীমা কর্পোরেশন।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

১.০ আলোচনা:

কমিটির সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুর করেন। জীবন বীমা কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নে ৩ (তিন) টি ক্ষেত্র যথা: প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বিষয়ে অনুচ্ছেদ ভিত্তিক কমিটির আলোচনা ও সিদ্ধান্তের সারসংক্ষেপ নিম্নে দেয়া হলো:-

| ক্র: নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | |
| | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের শেষ সপ্তাহে অনুষ্ঠিত হবে। | ফোকাল পারসন |
| | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ প্রতি কোয়ার্টারে পর্যালোচনা করা হবে ও ১০০% বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট জিএম |
| | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | রিজিওনাল অফিসে অংশীজনের অংশগ্রহণে সভা আহ্বান করতে হবে। উল্লেখ্য, অংশীজন )stakeholder) বলতে স্ব স্ব দপ্তর সংস্থার/অভ্যন্তরীণনাগরিক /দাপ্তরিক/ সেবা গ্রহণকারী যেকোন ব্যক্তি প্রতিষ্ঠান/ (বেসরকারি/সরকারি), সুশীল সমাজের প্রতিনিধি এবং আওতাধীন মাঠপর্যায়ের কার্যালয়সমূহ কিংবা তাদের কর্মকর্তা কর্মচারীকে বুঝাবে।-প্রতিটি রিজিওনাল অফিসে ২ (দুই) টি করে মোট ১৬ (ষোল) টি অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হবে। এ সভায় আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে। অংশীজনের সভায় আবশ্যিকভাবে সেবাগ্রহীতার উপস্থিতি নিশ্চিত করতে হবে। রিজিওনাল অফিস ইনচার্জগণ অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করবেন। | রিজিওনাল অফিস ইনচার্জ |

২য় পাতা দ্র:

| | | | |
|---|---|---|---|
| | ১শুদ্ধাচার সংক্রান্ত ৪. প্রশিক্ষণ আয়োজন | কর্পোরেশনের কর্মকর্তাকর্মচারীদ-ের জন্য শুদ্ধাচার সংক্রান্ত ২০২২২০২৩- অর্থ বছরে জন্য মোট ৮ টি প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রশিক্ষণার্থী ৪০ (চল্লিশ)জন করে মোট ১৬০ একশত ) কে প্রশিক্ষণ প্রদান করতে হবে। (ষাট জনজেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার-প্রশাসন উক্ত প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করবেন। | জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার-প্রশাসন |
| | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্পোরেশনের স্ব স্ব কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়ন-সংক্রান্ত কার্যক্রম যেমন: টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রথম দুই কোয়ার্টারে ২ (দুই) টি করে এবং শেষ দুই কোয়ার্টারে ৩(তিন)টি করে মোট ১০ (দশ)টি কার্যক্রম এ অর্থ বছরে গ্রহণ করার জন্য কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে। প্রধান কার্যালয় ও রিজিওনাল অফিসের সংস্থাপন বিভাগ এবং ইই ডিভিশন উক্ত কার্যক্রম বাস্তবায়ন করবে। উল্লেখ্য, কর্ম-পরিকল্পনা প্রেরণের সময় নির্বাচিত কার্যক্রমের নাম, বাস্তবায়ন প্রক্রিয়া ও প্রমাণক হিসাবে কি সরবরাহ করা হবে তার বিবরণ পৃথক সংযুক্তিতে নির্ধারিত ছকে দিতে হবে। | সংস্থাপন বিভাগ ও ইই ডিভিশন |
| | ১.৬ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | কর্পোরেশনের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করতে হবে। নৈতিকতা কমিটির মাধ্যমে ফোকাল পারসন উক্ত ফিডব্যাক প্রদান করবে। | ফোকাল পারসন |
| ০২ | **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন** | | |
| | ২.১ **২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ** | জীবন বীমা কর্পোরেশনে ক্যালেন্ডার বছরে বার্ষিক বাজেট অনুযায়ী ক্রয়-পরিকল্পনা করা হয় এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়। কর্পোরেশনে কোন প্রকল্প নাই। জেনারেল ম্যানেজার-অর্থ ও হিসাব বাজেট অনুযায়ী ক্রয়-পরিকল্পনা সংগ্রহ করে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন। | অর্থ বিভাগ ও আইসিটি ডিভিশন |
| | ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | জীবন বীমা কর্পোরেশনের বার্ষিক বাজেট অনুযায়ী ক্রয়-পরিকল্পনার বাস্তবায়ন করার জন্য জেনারেল ম্যানেজার-অর্থ ও হিসাব বাজেট অনুযায়ী ক্রয়-পরিকল্পনা বাস্তবায়ন মনিটরিং করবেন। | জেনারেল ম্যানেজার - অর্থ ও হিসাব |

৩য় পাতা দ্র:

স্বাক্ষর

| | | | |
|---|---|---|---|
| | ২.৩ বাজেট বাস্তবায়ন | জীবন বীমা কর্পোরেশনে iBAS++ সফ্টওয়ার নাই। তবে বার্ষিক বাজেট অনুযায়ী কর্পোরেশন ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করে থাকে। জেনারেল ম্যানেজার-অর্থ ও হিসাব উক্ত প্রতিবেদন বাস্তবায়ন করে থাকেন। | জেনারেল ম্যানেজার - অর্থ ও হিসাব |
| | ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | কর্পোরেশনের জন্য প্রযোজ্য নয়। | |
| | ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | কর্পোরেশনের জন্য প্রযোজ্য নয়। | |
| ০৩ | **শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | |
| | ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | জীবন বীমা কর্পোরেশনের যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। শুধুমাত্র যে সকল প্রেষণে কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তাঁদের জন্য কর্পোরেশনের গাড়ী থাকায় গাড়ী রক্ষণাবেক্ষণের জন্য টা: ২৫,০০০/- প্রাপ্য হন। তাছাড়া, অফিসের গাড়ী যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য ম্যানেজার যানবাহন ও ডেপুটি জেনারেল ম্যানেজার-প্রশাসন প্রত্যয়ন পত্র প্রদান করবেন। | যানবাহন বিভাগ |
| | ৩.২ পেনশন বীমা পলিসির মাসিক পেনশন ইএফটির মাধ্যমে প্রদান | জীবন বীমা কর্পোরেশন থেকে মাসিক পেনশন বীমা পলিসির টাকা প্রতি মাসে সংশ্লিষ্ট পলিসি গ্রাহককে ইএফটির মাধ্যমে প্রদান করা হচ্ছে। প্রাথমিকভাবে ঢাকা রিজিওনাল অফিস ও রাজশাহী রিজিওনাল অফিস উক্ত কার্যক্রম বাস্তবায়ন করেছে। অবশিষ্ট ৬টি রিজিওনাল অফিস ২০২২-২০২৩ অর্থ বছরে মাসিক পেনশন বীমা পলিসির টাকা প্রতি মাসে সংশ্লিষ্ট পলিসি গ্রাহককে ইএফটির মাধ্যমে প্রদান করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সংশ্লিষ্ট ৬টি রিজিওনাল অফিস উক্ত কার্যক্রম বাস্তবায়ন করবে। | সংশ্লিষ্ট রিজিওনাল অফিস ইনচার্জ |
| | ৩.৩ এসএমএস এর মাধ্যমে প্রিমিয়াম নোটিশ প্রদান | জীবন বীমা কর্পোরেশন থেকে বীমা পলিসি গ্রাহককে প্রিমিয়াম প্রদানের জন্য এসএমএস এর মাধ্যমে নোটিশ প্রদান করা হলে বীমা পলিসির ল্যাপস হার হ্রাস পাবে। এর ফলে বীমা গ্রহীতা প্রিমিয়াম প্রদানে উৎসাহী হবে। ২০২২-২০২৩ অর্থ বছরে এক লক্ষ বীমাগ্রাহককে প্রিমিয়াম নোটিশ এসএমএস এর মাধ্যমে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিনিয়র সিস্টেম এনালিস্ট উক্ত কার্যক্রম বাস্তবায়ন করবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

৪র্থ পাতা দ্র:

| | | | |
|---|---|---|---|
| | ৩.৪ মেয়াদোত্তর বীমা দাবী ইএফটির মাধ্যমে প্রদান | মেয়াদোত্তর বীমা দাবী বীমাগ্রাহকের ব্যাংক হিসাবে ইএফটির এর মাধ্যমে পরিশোধ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রাথমিকভাবে ঢাকা রিজিওনাল অফিস উক্ত কার্যক্রম বাস্তবায়ন করবে। | ঢাকা রিজিওনাল অফিস |

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: সাইফুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
জীবন বীমা কর্পোরেশন

নং ৫৩.১৯.৯০০১.০২৮.০০.০০০.২০২০ - ৯২৬৯ তারিখ: ১৬ মে, ২০২২

বিতরণ:

১। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
২। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৩। যুগ্মসচিব, বাণিজ্যিক অডিট শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪। নৈতিকতা কমিটির সকল সদস্য, জীবন বীমা কর্পোরেশন।

(মো: ফেরদৌস আলম খান)

ম্যানেজার- হিসাব